

Advertisement

Sponsored Content



Secure Your Family's Financial Goals With...
SBI


Getting a Job in Canada for Indians May be Easier Tha...
Search Ads



Check Best Health Tips!
Thetricksandtips.in


Post Graduation Studies in USA for Indians Might be...

আনন্দবাজার পত্রিকা অনলাইন
১৮ জুলাই ২০২৪



## WBJEE Counselling 2024

# যাদবপুরের আসনের তথ্য জমা পড়তেই কি বাড়ল জ কাউন্সেলিংয়ের রেজিস্ট্রেশনের সময়সীমা?

১৬ জুলাই জয়েন্টের ই-কাউন্সেলিংয়ে রেজিস্ট্রেশনের শেষ দিন হিসাবে নির্ধারণ করা হয়েছিল। কিন্তু সদ্যই দু’টি শিক্ষা প্রতিষ্ঠানের ত অফ ফার্মাসির (বিফার্ম) সিট ম্যাট্রিক্স পাঠানোয় নথিভুক্তকরণের প্রক্রিয়া চালু থাকবে আরও চার দিন।




যাদবপুর বিশ্ববিদ্যালয়। ছবি: সংগৃহীত।

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

কলকাতা শেষ আপডেট: ১৭ জুলাই ২০২৪ ১৪:০৭

Share: Save:

যাদবপুর বিশ্ববিদ্যালয়-সহ আরও একটি প্রতিষ্ঠানের সিট ম্যাট্রিক্সের তথ্য এসেছে নির্দিষ্ট সময়ের পরে। যার ফলে ফার্মাসি নিয়ে পড়তে আগ্রহীদের রেজিস্ট্রেশনের জন্য পোর্টাল আরও চার দিন চালু থাকবে। ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এগজ়ামিনেশন বোর্ডের তরফে এমনটাই জানিয়েছেন বোর্ডের রেজিস্ট্রার দিব্যেন্দু কর।

কিন্তু নির্দিষ্ট সময়ের পরে কেন শূন্য আসনের তথ্য এসে পৌঁছল?

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অন্তর্বর্তীকালীন উপাচার্য ভাস্কর গুপ্ত বলেন, “ডিরেক্টর অফ টেকনিক্যাল এডুকেশনের তরফে এই সিট ম্যাট্রিক্স পাঠানো হয়। বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এই প্রক্রিয়ার কোনও সম্পর্ক নেই। কেন দেরিতে তথ্য পাঠানো হয়েছে, এ বিষয়ে রাজ্যের সংশ্লিষ্ট বিভাগ বলতে পারবে।”

**আরও পড়ুন:**



**রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার কাউন্সেলিং কী ভাবে? বিজ্ঞপ্তি প্রকাশ বোর্ডের**




**রাজ্যের জয়েন্ট এন্ট্রান্সের কাউন্সেলিং কবে শুরু? জানিয়ে দিলেন বোর্ড সভাপতি**

স্বাভাবিক ভাবেই রাজ্যের প্রথম সারির বিশ্ববিদ্যালয়ের বক্তব্যের নিরিখে বোর্ডের ভূমিকা নিয়ে প্রশ্ন থেকে যাচ্ছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং বোর্ড একে অপরের উপর দায় চাপালেও আখেরে রেজিস্ট্রেশনে দেরির গাফিলতি কার? তা অজানাই থেকে যাচ্ছে।

যদিও শুধুমাত্র যাদবপুর বিশ্ববিদ্যালয়ই নয়, ফার্মাসি কোর্সের জন্য ইনস্টিটিউট অফ ফার্মাসি, জলপাইগুড়ির তথ্যও একই সঙ্গে বোর্ডের কাছে এসে পৌঁছেছে। ওই কোর্সে ভর্তি হতে চয়েজ় ফিলিংয়ের জন্য ১৮ জুলাই থেকে ফর্ম পূরণের সুযোগ পাবেন আগ্রহীরা।

এ ক্ষেত্রে শিক্ষামহলের একাংশের প্রশ্ন, ৬ জুন ফল প্রকাশের প্রায় দেড় মাসের মাথায় কাউন্সেলিং শুরু হওয়ার পরেও যথাসময়ে সমস্ত প্রতিষ্ঠানের আসন সংখ্যার তথ্য এসে কেন পৌঁছল না বোর্ডের কাছে? তথ্য দেরিতে পৌঁছনোর কারণে যাঁদের এত দিনে রেজিস্ট্রেশন হয়ে যাওয়ার কথা, তাঁদের মধ্যে ফার্মাসি নিয়ে পড়তে আগ্রহীদের নতুন করে সমস্ত প্রক্রিয়াটি সম্পন্ন করতে হবে, তা-ও চার দিনের মধ্যে।

**আরও পড়ুন:**

Advertisement
Sponsored Content


Secure Your Family's Financ
With Premium starting at 2
AD SBI

লেজার হেয়ার ট্রিটমেন্টের খরচ
চাইছেন?
AD Search Ads

## আরও পড়ুন




**আঞ্চলিক ভাষায় ২২ হাজ বই রচনার লক্ষ্যে চালু ‘অস্মিতা’ প্রকল্প, উদ্যোগ ইউজিসির**

আনন্দবাজার পত্রিকা অনলাইন

**অনুমতি পেয়েও দত্তক সন্তানের মাতৃত্বকালীন ছু থেকে বঞ্চিত শিক্ষিকা এ মহিলা শিক্ষাকর্মীরা**

সংক্রামক ভাইরাসের শনাক্তকরণের পাঠ, হাতেকলমে প্রশিক্ষণ স্নাতকদের

চলচ্চিত্রের খুঁটিনাটি বিষয় নিয়ে শিখতে আগ্রহী? আবেদন জমা দিতে হবে নন্দনের কার্যালয়ে


পড়ুয়াদের জন্য অনলাই ইন্টার্নশিপের সুযোগ, উদ্যোগ জাতীয় মানবাধিকার কমিশনের

নতুন সূচি অনুযায়ী, রেজিস্ট্রেশন, রেজিস্ট্রেশন ফি জমা দেওয়া এবং চয়েজ় ফিলিংয়ের জন্য ২১ জুলাই পর্যন্ত পোর্টাল চালু রাখা হবে। ২৩ জুলাই সিট অ্যালটমেন্টের ফল প্রকাশিত হবে। ওই দিন থেকে ২৯ জুলাইয়ের মধ্যে সমস্ত নথি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের **Google News, X (Twitter), Facebook, Youtube, Threads** এবং **Instagram** পেজ)

অন্য বিষয়গুলি: WBJEEB WBJEE 2024 E Counselling Jadavpur University Jalpaiguri

Advertisement







সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:

Advertisement

## আরও পড়ুন